

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৪৬৭

পরিচ্ছেদঃ গনীমতের মালে খিয়ানতকারীর সঙ্গে কী করা হবে?

باب مَا جَاءَ فِي الْغَالِّ مَا يُصنْنَعُ بِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَمْرٍ السَّوَّاقُ، حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ مُحَمَّدٍ، عَنْ صَالِحِ بْنِ مُحَمَّد بْنِ زَائِدَةَ، عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمْرَ، عَنْ عُمْرَ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " مَنْ وَجَدْتُمُوهُ غَلَّ فِي سَبِيلِ اللَّهِ فَاحْرِقُوا مَتَاعَهُ ". قَالَ صَالِحٌ فَدَخَلْتُ عَلَى مَسْلَمَةَ وَمَعَهُ سَالِمُ بْنُ عَبْدِ اللَّهِ فَوَجَدَ رَجُلاً قَدْ غَلَّ فَحَدَّثَ سَالِمٌ مَالِحٌ فَدَخَلْتُ عَلَى مَسْلَمَةً وَمَعَهُ سَالِمُ بْنُ عَبْدِ اللَّهِ فَوَجَدَ رَجُلاً قَدْ غَلَّ فَحَدَّثَ سَالِمٌ بِهِ فَأَحْرِقَ مَتَاعُهُ فَوُجِدَ فِي مَتَاعِهِ مُصِحْفٌ فَقَالَ سَالِمٌ بِعْ هَذَا وَتَصَدَقٌ بَقَمَنِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا الْحَديثُ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَالْعَمَلُ وَتَصَدَقٌ بَتَمَنِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا الْحَديثُ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَديثُ عَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَديثُ فَقَالَ الْإِنْمَا رَوَى هَذَا صَالِحُ بْنُ مُحَمَّد بْنِ زَائِدَةَ وَهُوَ أَبُو وَاقِد مُحَمَّدًا عَنْ هَذَا الْحَديثُ فَقَالَ إِنَّمَا رَوَى هَذَا صَالِحُ بْنُ مُحَمَّد بْنِ زَائِدَةَ وَهُو أَبُو وَاقِد اللّهُ عَلَى وَالْمُ الْخُولُ وَقَوْ مَنَاعِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا النَّيِيِّ صلى الله عليه وسلم فِي الْغَالِ فَلَمْ يَأْمُرْ فِيهِ بِحَرْقِ مَتَاعِهِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ .

বাংলা

১৪৬৭। মুহাম্মদ ইবনু আমর (রহঃ) ... উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহর পথে গনীমত সম্পদ কাউকে খিয়ানত করতে দেখতে পেলে তোমরা তার মাল-সামান জ্বালিয়ে দেবে। সালিহ বলেন, আমি মাসলামার কাছে গেলাম। তার সঙ্গে সালিম ইবনু আবদুল্লাহ (রহঃ)-ও ছিলেন। তখন এক ব্যক্তিকে পাওয়া গেল, যে গনীমত সম্পদে খিয়ানত করেছিল। সালিম তখন এই হাদীসটি রিওয়ায়াত করেন। এতদনুসারে তার মাল-সামান জ্বালিয়ে দেওয়ার নির্দেশ প্রদান করা হয়। তার মাল-সামান একটি কুরআন পাওয়া গেলে সালিম বললেন, এটি বিক্রি করে দাও এবং এর মূল্য সাদকা করে দাও।

যঈফ, যঈফ আবু দাউদ ৪৬৮, মিশকাত, তাহকীক ছানী ৩৬৩৩, তাহকীকল মুখতারাহ ১৯১, ১৯৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১৪৬১ [আল মাদানী প্রকাশনী]



এই হাদীসটি গারীব। এই সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। এতদনুসারে কতক আলিমের আমল রয়েছে। এ হল আওযাঈ, আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। মুহাম্মদ বুখারী (রহঃ)-কে এই হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বললেন, এটি সালিহ ইবনু মুহাম্মদ ইবনু যাইদা বর্ণনা করেছেন। ইনি হলেন আবূ ওয়াকীদ লায়ছী - ইনি হাদীস বর্ণনার ক্ষেত্রে মুনকার বা আস্থাযোগ্য রাবীদের বিপরীত রিওয়ায়াত করে থাকেন। মুহাম্মদ বুখারী (রহঃ) আরো বলেন, গনীমত সম্পদে খিয়ানত সম্পর্কে একাধিক হাদীস বর্ণিত আছে। কিন্তু সেগুলিতে মাল-সামান জ্বালিয়ে দেওয়ার উল্লেখ নাই। এই হাদীসটি গারীব।

English

Narrated Umar:

That the Messenger of Allah () said: "Whomever you find stealing from the spoils of war while in the path of Allah, then burn his belongings." Salih (one of the narrators) said: "I entered upon Maslamah and with him was Salim bin 'Abdullah. There was a man there who had stolen from the spoils of war, so Salim narrated this Hadith. So he ordered accordingly, and his belongings were burnt. There was a Mushaf in his belongings, so Salim said: 'Sell this and give its proceeds as charity.'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন